# Times Today BD

আশিকুর রহমান শান্ত | বরিশাল | 27 May, 2025

ভোলায় দৌলতখান উপজেলার সৈয়দপুর ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের চরসুবি গ্রামের বাসিন্দা মৃত মোঃ আবু কালাম এর স্ত্রী বিবি মরিয়ম পাওনা টাকা ফেরত পেতে সংবাদ সম্মেলন করেছে অভিযুক্ত মো: রফিজল ইসলাম, তার মেয়ে সারমিন বেগম, শিরিনা বেগম এবং ছেলে মো: তারেক এর বিরুদ্ধে।

মঙ্গলবার (২৭ মে) সকালে ভোলার একটি স্থানীয় পত্রিকা অফিসে এ সংবাদ সম্মেলন করেন ভুক্তভোগী মরিয়ম। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বিবি মরিয়ম বলেন, গত ১২/০৪/২০২৩ইং সনে আমার নিজ বসত ঘর মেরামত করার জন্য ৪ লক্ষ ২৫ হাজার টাকা আমার ঘরে রাখি।আমার ঘরে টাকা আছে এই কথা জানতে পেরে আমার দেবর রফিজল ইসলাম, তার মেয়ে সারমিন বেগম, শিরিনা বেগম এবং ছেলে মো: তারেক এসে হাত জোড় করে ৪ লক্ষ ২৫ হাজার টাকা ১ বছরের জন্য ধার চায়।টাকা কি কাজে প্রয়োজন জানতে চাইলে তারা আমাকে জানান তাদের বসত ঘরের সামনের জমি মালিক অনত্র বিক্রি করে ফেলবে, এতে তারা বড় ধরনের সমস্যায় পরবে।যেহেতু উক্ত লোকজন আমার আত্মীয় স্বজন তাই আমি কোন কিছু চিন্তা না করেই তাদের সকলের সামনে আমার ঘর থেকে ৪ লক্ষ ২৫ হাজার টাকা বের করে গনে তাদের হাতে বুঝিয়ে দেই।উক্ত টাকা দেওয়ার সময় তাদের সাথে আমার কথা থাকে যে ১ বছর পরে আমার পুরো টাকা এককালীন আমাকে বুঝিয়ে দেবে।কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় ১ বছরের জায়গায় ২ বছর অতিবাহিত হলেও এখন পর্যন্ত তারা আমার পাওনা টাকা পরিশোধ করছে না।উল্টো আমার পাওনা টাকা চাইতে গেলে তারা সংগবদ্ধ ভাবে

তাদের বসত ঘরের দরজায় আমাকে বেদরক মারধর করে।মারধরের কারনে আমি আইনের আশ্রয় নিতে চাহিলে তারা আমার পাওনা ৪ লক্ষ ২৫ হাজার টাকার কথা অশ্বিকার করে। আমার পাওনা টাকা বুঝিয়া পাওয়ার জন্য বাধ্য হয়ে আমি কোন আইনের আশ্রয় নেই নি।কিন্তু তার পরেও তারা আমার পাওনা টাকা দিচ্ছে না।উল্টো আমাকে বিভিন্ন ধরনের মামলা হামলা দিয়ে পুলিশে ধরিয়ে দিবে বলে হুমকি দামকি দেয়।আমার বসত ঘর ভেঙ্গে সেই এলাকা থেকে আমাকে তারিয়ে দিবে বলে আমাকে ভয় ভিতি দেখায়।

সংবাদ সম্মেলন

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:17

URL: https://www.timestodaybd.com/public/barishal/7758073027